

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০১১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنْ جَابِرِ قَالَ: كُنْتُ أُصلِّي الظُّهْرَ مَعَ رَسُولِ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فآخذ قَبْضنَة من الْحَصنَى لتبرد فِي كفي ن أَضنَعُهَا لِجَبْهَتِي أَسْجُدُ عَلَيْهَا لِشِدَّةِ الْحَرِّ. رَوَاهُ أَبُو دَاوُد وروى النَّسَائِيِّ نَحوه

বাংলা

১০১১-[৩৪] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতাম। আমি এক মুষ্টি পাথর হাতে নিতাম আমার হাতের তালুতে শীতল করার জন্যে। প্রচন্ড গরম থেকে বাঁচার জন্যে এ পাথরগুলোকে সাজদার স্থানে রাখতাম। (আবূ দাউদ, নাসায়ীতে অনুরূপ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ৩৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস দ্বারা বুঝা যায়, যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) বিলম্ব না করে প্রথম ওয়াক্তেই আদায় করা উচিত। আর এটাও বুঝা যায় যে, কপাল ব্যতীত অন্য কিছুর উপর সিজদা (সিজদা/সেজদা) করা বৈধ নয়। কেননা যদি পরিধেয় কাপড় অথবা শুধুমাত্র নাকের ডগার উপর সিজদা (সিজদা/সেজদা) করা বৈধ হত তাহলে হাদীসে বর্ণিত কাজ করার প্রয়োজন হত না। এটাও জানা যায় যে, অল্প কাজ সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট করে না। তবে পরিধেয় কাপড়ের উপর সিজদা (সিজদা/সেজদা) করার বৈধতা সম্পর্কে বুখারীতে আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস রয়েছে। তিনি বলেনঃ ''আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কালে আমাদের মধ্যে কোন ব্যক্তি তাপের তীব্রতা থেকে রক্ষা পাওয়ার জন্য স্বীয় পরিধেয় কাপড়ের কিনারার উপর সিজদা করত।"



আরেক বর্ণনায় রয়েছে, "তাপের তীব্রতা হতে রক্ষা পাওয়ার উদ্দেশে আমরা আমাদের কাপড়ের উপরে সিজদ্ করতাম।" মুসলিমের বর্ণনায় রয়েছে, "আমাদের মধ্যে কোন ব্যক্তি জমিনের উপর কপাল রাখতে অক্ষম হলে স্বীয় কাপড় বিছিয়ে তার উপর সিজদ্ করত।" এ হাদীসগুলো থেকে জানা যায় যে, সালাত আদায়কারীর স্বীয় পরিধেয় কাপড়ের উপর সিজদ্ করা বৈধ এবং সালাতরত অবস্থায় সিজদ্ করার জন্য কাপড় ব্যবহার করা যায়। অনুরূপভাবে তাপ ও শীতের তীব্রতা থেকে রক্ষা পাওয়ার নিমিত্তে সালাত আদায়কারী ও জমিনের মাঝে যে কোন প্রকার পবিত্র বস্তু দ্বারা আড়াল করা যায়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন